মেহেরপুরে জুলাই যোদ্ধাদের সম্মিলন,সংবর্ধনা ও আলোচনা সভা

জুলাই গণঅভ্যুত্থান ২০২৫ উপলক্ষে মেহেরপুরে জুলাই আহতদের পরিবার ও জুলাই যোদ্ধাদের সম্মিলন, আলোচনা সভা ও সংবর্ধনা প্রদান অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

মঙ্গলবার (৫ আগস্ট) দুপুরে পৌর কমিউনিটি সেন্টারে জেলা প্রশাসনের উদ্যোগে অনুষ্ঠানের আয়োজন করা হয়।
অনুষ্ঠানে জুলাই আন্দোলনের স্মৃতিবাহী ১১ জন বীর যোদ্ধাকে আনুষ্ঠানিকভাবে সম্মাননা স্মারক প্রদান করা হয়।

অনুষ্ঠানের সভাপতিত্ব করেন মেহেরপুরের জেলা প্রশাসক সিফাত মেহনাজ।
প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, জুলাই গণঅভ্যুত্থান আমাদের ইতিহাসের এক গৌরবোজ্জ্বল অধ্যায়। এই দিবসটি কেবল স্মরণ নয়, বরং তা ভবিষ্যৎ প্রজন্মকে দায়িত্বশীল নাগরিক হিসেবে গড়ে তুলতেও অনুপ্রেরণা যোগায়।

সংবর্ধনা অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) তরিকুল ইসলাম, অতিরিক্ত জেলা প্রশাসক (সিভিল) তাজওয়ার আকরাম সাকাপি ইবনে সাজ্জাদ, সিভিল সার্জন ডা. আবু সাঈদ, অতিরিক্ত পুলিশ সুপার জামিনুর রহমান খান, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. খায়রুল ইসলাম, গাংনী উপজেলা নির্বাহী কর্মকর্তা আনোয়ার হোসেন, মুজিবনগর উপজেলা নির্বাহী কর্মকর্তা পলাশ মণ্ডল, মহিলা বিষয়ক অধিদপ্তরের উপ-পরিচালক নাসিমা খাতুন, যুব উন্নয়ন অধিদপ্তরের উপ-পরিচালক হামিদুর রহমান, জেলা মৎস্য কর্মকর্তা সাধন সরকার, জেলা শিক্ষা অফিসার হযরত আলী, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার রূহুল আমিন, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক শামসুল আলম, টিটিসি’র অধ্যক্ষ ড. মো. শামীম হোসেন জেলা ক্রীড়া কর্মকর্তা আরিফ আহমেদ, সড়ক ও জনপথ বিভাগের প্রকৌশলী মিজানুর রহমান
জেলা নিরাপদ খাদ্য কর্মকর্তা রিয়াজ মাহমুদ, ইসলামিক ফাউন্ডেশনের উপ-পরিচালক সিরাজুম মুনীর, জেলা জামায়াতে ইসলামীর আমীর মাওলানা

তাজউদ্দিন খান, জেলা বিএনপির সদস্য রোমানা আহমেদ, মুক্তিযোদ্ধা সংসদের আহ্বায়ক বীর মুক্তিযোদ্ধা সামসুল আলম সোনা।

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন খন্দকার মুইজউদ্দিন, হাসনাত জামান, ইব্রাহিম হোসেন, মুজাহিদুল ইসলাম, ইমতিয়াজ আহমেদ, আশিক রাব্বি প্রমুখ।